মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি ঃ

স্মারক নং ঃ মাউশিবোদি/বিনি/ভর্তি-বিজ্ঞপ্তি/২০১৬/৫০১(৩০০০) **তারিখ ঃ** ০৫/০১/২০১৭ ইং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুর এর আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা নিম্নরূপ ঃ

১। সংজ্ঞা ঃ এই নীতিমালায়-

(ক) 'বোর্ড' বলতে স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড বুঝাবে।

(খ) 'মাধ্যমিক বিদ্যালয়' বলতে দেশের যে কোন শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে।

(গ) 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য বিদ্যালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরম বুঝাবে।

(ঘ) 'শিক্ষার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।

২। নবম শ্রেণিতে ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচনঃ-

(ক) শুধুমাত্র ২০১৪, ২০১৫ এবং ২০১৬ সালে জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এই নীতিমালা অনুযায়ী বিদ্যালয়ে নবম শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(খ) বিদেশী কোন বোর্ড বা অনুরুপ কোন শিক্ষাপ্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (১) এর অধীন ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(গ) নবম শ্রেণিতে ভর্তির জন্য একজন শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি শাখা(বিদ্যালয়ের অনুমোদন থাকলে) নিতে পারবে।

৩। নবম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে ঃ

(ক) **জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর মূল কপি অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে জমা দিতে হবে।**

(খ) জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদে উল্লিখিত তথ্য অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অনলাইনে e-SIF পুরণ করতে হবে।

(গ) জেএসসি/সমমান পরীক্ষায় পাস করার পর নবম শ্রেণিতে যে কোন শিক্ষার্থীর অনলাইন রেজিষ্ট্রেশন শুধুমাত্র একবার করা যাবে । কোন শিক্ষার্থীর নবম শ্রেণিতে একবার অনলাইনে নিবন্ধন হয়ে গেলে কোন ক্রমেই পরবর্তী সেশনে একই বিদ্যালয়ে অথবা অন্য কোন বিদ্যালয় হতে নবম শ্রেণীতে সংশ্লিষ্ট শিক্ষার্থীর অনলাইন নিবন্ধন করা যাবেনা অর্থাৎ ঐ ধরনের শিক্ষার্থী ভর্তি /পুনঃ ভর্তি নেয়া যাবে না। তারা অনিয়মিত শিক্ষার্থী হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্টানে অধ্যয়ন করার সুযোগ পাবে । এক্ষেত্রে ভর্তি এবং রেজিস্ট্রেশন সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

(ঘ) জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে ভর্তি হতে চাইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে ছাড়পত্র ও প্রশংসা পত্র গ্রহণ করে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে ছাড়পত্র প্রদান করার পর ছাড়পত্র প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান কোনভাবেই উল্লিখিত শিক্ষার্থীর অনলাইন নিবন্ধনের জন্য e-SIF পুরণ করতে পারবে না। যদি এর ব্যতিক্রম ঘটে তবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে "পাবলিক পরীক্ষা সমূহ অপরাধ আইন-১৯৮০" অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-২

(ঙ) অনিয়মিত শিক্ষার্থীর (অর্থাৎ ২০১৪ ও ২০১৫ সালের জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী) ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সংশ্লিষ্ট শিক্ষার্থী ইতোপুর্বে দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয় নি এবং দিনাজপুর শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক নিবন্ধন (এসএসসি রেজিস্ট্রেশন কার্ড) পত্র গ্রহণ করেনি। পুর্বের সেশনে অন্য যে কোন বিদ্যালয় থেকে অনলাইন নিবন্ধন করে থাকলে পুর্বের শিক্ষাবর্ষে ইস্যুকৃত নিবন্ধনকার্ড বহাল থাকবে এবং পরের সেশনের ভর্তি সরাসরি বাতিল হয়ে যাবে।

(চ) অনিয়মিত শিক্ষার্থী অর্থাৎ- ২০১৪ ও ২০১৫ সালের জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক অবশ্যই সংশ্লিষ্ট অনিয়মিত শিক্ষার্থী এবং তার অভিভাবকের নিকট থেকে পুর্বের শিক্ষাবর্ষে অন্য কোন বিদ্যালয়ে ভর্তি হয়নি অথবা পুর্বের সেশনে অনলাইন নিবন্ধন হয়নি মর্মে অঙ্গীকারনামা নিয়ে রাখবেন। এর ব্যতিক্রম হলে ভর্তির পরবর্তী সময় রেজিঃকার্ড ইস্যু সংক্রান্ত যে কোন জটিলতার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এককভাবে বহন করতে হবে। এ ধরনের জটিলতার জন্য শিক্ষবোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

(৪) ২০১৪ সালের পুর্বে জেএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ/পাসকৃত শিক্ষার্থীরা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অত্র শিক্ষাবোর্ডের অধীনে নবম শ্রেণিতে অনলাইন নিবন্ধন করতে পারবেনা।

(৫) নবম/দশম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী অন্য কোন বিদ্যালয়ে যেতে চাইলে শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ছাড়পত্রের মাধ্যমে যেতে পারবে।

(৬) কোন শিক্ষার্থীর শিক্ষাবর্ষ অতিক্রম করলে নবম/দশম শ্রেণিতে শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ছাড়পত্র ইস্যু করবে না। নিয়মিত শিক্ষার্থীরাই নির্দিষ্ট শিক্ষাবর্ষের ৩১শে জুলাই এর মধ্যে ছাড়পত্র নিয়ে ভর্তি করতে হবে।

5.1.17

বিতরণ ঃ

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

(রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,দিনাজপুর
ফোন নং ঃ ০৫৩১-৫১৮৮৩ (অফিস)
মোবাইল নং ০১৭১৮-২২৮৩৫৮ ।

স্মারক নং ঃ মাউশিবোদি/বিদ্যাঃ/ভর্তি-বিজ্ঞপ্তি/২০১৫/...(৩০০০) **তারিখ ঃ** ০৪/০১/২০১৭ ইং

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
০৩। উপ-পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল,রংপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, রাজশাহী শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
০৬। জেলা শিক্ষা অফিসার,অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৯। Website Copy।
১০। অফিস নথি।

(মোঃ আলতাফ হোসেন)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,দিনাজপুর
ফোন ঃ ০৫৩১-৫১৯৭১ (অফিস)
মোবাইল নং ০১৭১৫-৮০৩৬৮২ ।